

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ  
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়  
ওয়াসা ভবন  
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
Website: www.dwasa.org.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র


### খন্ডকালীন শিক্ষানবিস পাম্প চালক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা ওয়াসায় খন্ডকালীন শিক্ষানবিস পাম্প চালক পদে ০২(দুই) বৎসরের জন্য নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	১০/০৫/২০১৮ তারিখে বয়স	মাসিক সম্মানী সর্বসাকুল্যে	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	শিক্ষানবিস পাম্প চালক	১০০টি	নূন্যতম ৩২ বছর	১৭,২০০/-	১) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে অনূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/এস.এস.সি ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; ২) পাম্প/ইলেকট্রিক মটর/ইন্টারনাল কম্বারশন ইঞ্জিন চালনায় অনূন ২(দুই) বৎসরের অভিজ্ঞতা।

সাধারণ প্রয়োজনীয় তথ্যাবলী :

০১. আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২১/০৬/২০১৮ তারিখের মধ্যে ঢাকা ওয়াসার ওয়েবসাইট ([www.dwasa.org.bd](http://www.dwasa.org.bd))-এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
০২. প্রার্থীর বয়স ১০/০৫/২০১৮ তারিখে নূন্যতম ৩২ বছর হতে হবে। তবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
০৩. দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ঢাকা ওয়াসার ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online-এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
০৪. এ খন্ডকালীন নিয়োগ কোনভাবেই স্থায়ী নিয়োগ হিসাবে বিবেচ্য হবে না।
০৫. এ খন্ডকালীন নিয়োগের ক্ষেত্রে ঢাকা ওয়াসার কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মকর্তা, কর্মচারীদের পোষ্য/বিভাগীয়/ঢাকা ওয়াসায় অস্থায়ী ভিত্তিতে “দৈনিক কাজ নাই মজুরী নাই” হিসেবে কর্মরত প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
০৬. অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
০৭. আবেদনপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা অন-লাইনে বিদ্যমান নির্দেশনা অনুযায়ী ঢাকা ওয়াসার অনুকূলে পরিশোধ করতে হবে যা অফেরৎযোগ্য।
০৮. নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৯. আগ্রহী প্রার্থীদের আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি, স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন, পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত (সম্প্রতি) নাগরিকত্ব সনদপত্রের কপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
১০. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
১১. নিয়োগ সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে নিয়োগ কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি যে কোন সময় বাতিলের ক্ষমতাও সংরক্ষণ করেন।
১২. কর্তৃপক্ষ প্রয়োজনীয়তার ভিত্তিতে উল্লিখিত পদে একসঙ্গে অথবা পর্যায়ক্রমে নিয়োগ দেয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৩. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

  
ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।